বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এফই সার্কুলার নং-৩০

তারিখ ঃ ভাদ্র ০১, ১৪২৪ / আগস্ট ১৬, ২০১৭

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

**রপ্তানি মূল্য অপ্রত্যাবাসন থাকা অবস্থায় রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তার আবেদনপত্র বিবেচনা প্রসংগে।**

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সরকারী সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট এফই সার্কুলারে বর্ণিত নির্দেশনা পরিপালন সাপেক্ষে কোন রপ্তানিকারক প্রতিষ্ঠানের রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তার আবেদনপত্র দাখিলের তারিখ হতে উক্ত প্রতিষ্ঠানের বিগত ২(দুই) বছরে প্রত্যাবাসনযোগ্য কোন রপ্তানি মূল্য যৌক্তিক কারণে সম্পূর্ণ/আংশিক অপ্রত্যাবাসন অবস্থায় থাকলে দাখিলকৃত উক্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে। তবে দাখিলকৃত আবেদনপত্র প্রক্রিয়াকরণের পূর্বে সংশ্লিষ্ট অপ্রত্যাবাসিত রপ্তানি মূল্য প্রত্যাবাসন হওয়া/নিয়মিতকরণের বিষয়ে বাংলাদেশ ব্যাংক বা ডিসকাউন্ট কমিটির অনুমোদন থাকতে হবে।

উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে এতদ্‌বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ৩০, তারিখ নভেম্বর ১১, ২০০১ ও এফই সার্কুলার নং ৩১, তারিখ ডিসেম্বর ২৭, ২০০১ এ উল্লিখিত নির্দেশনা সংশোধিত মর্মে বিবেচিত হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আব্দুল মান্নান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৩১৯